



জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০০০.০০১.১৭.০০১.২২-৬৬৩

তারিখ : ০৫ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


জেলা পরিষদের বিরুদ্ধে প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১২.০৯.২০২২ ইং তারিখে “রাস্তা শ্রেণীভুক্ত জমিতে অবৈধ মার্কেট নির্মাণ” ও ১৯.০৯.২০২২ ইং তারিখে “রাস্তায় জেলা পরিষদের অবৈধ মার্কেট নির্মাণের তদন্ত শুরু” শিরোনামে চাঁপাইনবাবগঞ্জ পত্রিকায় এবং “লিজ দিয়ে ৩০লাখ টাকা ভাগ-বাটোয়ারা” ও “চলছে শেষ মুহূর্তের লুটপাট” শিরোনামে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত সংবাদ জেলা পরিষদ কর্তৃপক্ষের দৃষ্টিগোচরিত হয়েছে। আসল বিষয় হলো ফায়ার সার্ভিস মোড় এলাকায় রাস্তাসহ নালিশী জায়গাটির রেকর্ডীয় মালিক জেলা পরিষদ। যার আরএস খতিয়ান নং ৫, দাগ নং ১৮১০। রাস্তার পার্শ্বের অব্যবহৃত জায়গাটি অপদখল হতে উদ্ধার করে বিধিমোতাবেক শর্তস্বাপেক্ষে পরিষদের দখল বজায় রাখার স্বার্থে একসনা/অস্থায়ী লীজ প্রদানপূর্বক সেমিপাকা (ইন্টের দেয়াল ও টিনের ছাউনি) দোকানঘর নির্মাণের অনুমতি প্রদান করেছে জেলা পরিষদ কর্তৃপক্ষ। এখানে জমির মালিক হিসেবে জেলা পরিষদ বিধিমোতাবেক লিজ প্রদান করায় ইজারাদারগণ কর্তৃক নির্মিত সেমিপাকা দোকানঘর অবৈধ বলার সুযোগ নেই এবং আর্থিক পেনদেনের বিষয়টি ডিভিইন বরং বিধিমোতাবেক লিজমানি আদায় করে জেলা পরিষদ কোষাগারে জমা করা হয়েছে। অপদখলকারীগণ কুচক্রীমহলের সাথে যোগসাজসে জেলা পরিষদের সুনাম ক্ষুণ্ণ করার পায়তারা করেছে। উক্ত জায়গায় দোকানঘর নির্মাণ করায় যানবাহন চলাচলে কোন রকম প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে না, দোকানঘর নির্মাণ করার ফলে উক্ত মোড়ে জনসাধারণের চলাচল বৃদ্ধি পাবে ফলে জেলা পরিষদ কর্তৃক নির্মিত বঙ্গবন্ধুর ম্যুরাল, জাতীয় চার নেতার ম্যুরাল, সাত বীরশ্রেষ্ঠগণের ম্যুরাল ও বিভিন্ন ভাস্কর্যের নিরাপত্তা নিশ্চিত হবে। এছাড়া উক্ত মোড় হয়ে চলাচলকারী জনসাধারণ ছিনতাইকারীর কবল হতে রক্ষা পাবে এবং উক্ত মোড়ে বিভিন্ন অসামাজিক কার্যকলাপ নিয়ন্ত্রণ হবে। যাত্রীসাধারণের সুবিধার্থে জেলা পরিষদ হতে একটি যাত্রীছাউনী নির্মাণেরও পরিকল্পনা রয়েছে। ভবিষ্যতে রাস্তা সম্প্রসারণের প্রয়োজন হলে, জেলা পরিষদ উক্ত অস্থায়ী ইজারা বাতিল/স্থাপনা অপসারণে জনস্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। জেলা পরিষদ একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠান। স্থানীয় আয় দ্বারা পরিষদের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতা পরিশোধসহ জেলার উন্নয়নে কাজ করে। রাজস্ব আয় বৃদ্ধির জন্য জেলা পরিষদের জমি একসনা/অস্থায়ী ইজারা প্রদান করতে হয়। সুতরাং বর্ণিত শিরোনামে বিভিন্ন পত্রিকায় জেলা পরিষদের বিরুদ্ধে প্রকাশিত ডিভিইন সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

প্রাপক

সম্পাদক

.....


মোঃ আশরাফুল হক

প্রশাসক

জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপিঃ

০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।

০২। সম্পাদক, বিজ্ঞপ্তিটি ২২/০৯/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশপূর্বক ০২সেট পত্রিকাসহ বিল অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েবসাইটে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৪। অফিস কপি।